



ব্যাংকিং নিষেধাজ্ঞায় পাকিস্তানে রপ্তানি বন্ধের হুঁশিয়ারি ইরানের



ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের ব্যাংকিং নিষেধাজ্ঞার কারণে পাকিস্তানে ইরানের রপ্তানি কার্যক্রম সাময়িকভাবে বন্ধ রয়েছে বলে জানিয়েছেন তেহরান চেম্বার অব কমার্সের পরিবহন কমিশনের প্রধান পেইমান সানান্দাজি। তবে পাকিস্তান থেকে ইরানে পণ্য আমদানি এখনো চালু রয়েছে।

ইরানের সংবাদ সংস্থা মেহরকে দেওয়া সাক্ষাৎকারে সানান্দাজি বলেন, ইরানের ব্যাংক ও আর্থিক ব্যবস্থার ওপর নিষেধাজ্ঞার কারণে দুই দেশের বাণিজ্যিক লেনদেন জটিল হয়ে পড়েছে। এতে পাকিস্তানে পণ্য রপ্তানিকারক ইরানি ব্যবসায়ী এবং ইরান থেকে পণ্য আমদানিকারী পাকিস্তানি ব্যবসায়ীরা সমস্যায় পড়ছেন।

তিনি জানান, পাকিস্তান থেকে ইরানে পণ্য আমদানি অব্যাহত রাখা সম্ভব হলেও তা নির্ভর করছে এ প্রক্রিয়ায় পাকিস্তানের সহযোগিতার ওপর।

সানান্দাজি সতর্ক করে বলেন, ইরানের ব্যাংকিং ব্যবস্থার ওপর নিষেধাজ্ঞা অব্যাহত থাকলে এবং প্রয়োজনীয় ব্যাংকিং লেনদেন সম্পন্ন করা না গেলে পাকিস্তানে ইরানের রপ্তানি কার্যক্রম পুরোপুরি বন্ধ হয়ে যেতে পারে।